ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স-৩৯১

শান্তিরবাজার,২৮ এপ্রিল,২০২৫

# পি.এম.এ.ওয়াই. প্রকল্পে বকাফা ব্লক এলাকায় ৭,৪৩৪টি ঘর নির্মাণ

প্রধানমন্ত্রী আবাস যোজনা (গ্রামীণ) প্রকল্পে বকাফা ব্লক এলাকায় মোট ৭,৭৬৫ জন সুবিধাভোগীকে গৃহ নির্মাণ করে দেওয়ার লক্ষ্যমাত্রা নেওয়া হয়েছিলো। তারমধ্যে ৭,৪৩৮টি গৃহ নির্মাণের কাজ সম্পন্ন হয়েছে। লক্ষ্যমাত্রার ৯৫.৭৯ শতাংশ গৃহ নির্মাণ করা হয়ে গেছে। অবশিষ্ট গৃহ নির্মাণের কাজ চলছে। ৭,৭৬৫ জন সুবিধাভোগীর মধ্যে সবাই প্রথম কিস্তির টাকা পেয়েছেন, দ্বিতীয় কিস্তির টাকা পেয়েছেন ৭,৬২১ জন এবং তৃতীয় কিস্তির টাকা পেয়েছেন ৭,৩১৩ জন। এই প্রকল্প প্রত্যেক সুবিধাভোগীকে ১ লক্ষ ৩০ হাজার টাকা করে দেওয়া হয়। বকাফা ব্লক কার্যালয় থেকে এ তথ্য জানানো হয়েছে।

*****